

### বিষয়ঃ ইনোভেশন টিম “সংক্রান্ত সভার কার্যবিবরণী।”

চীফ ইনোভেশন অফিসার	:	জনাব মোঃ হাবিবুর রহমান নির্বাহী পরিচালক (অর্থ)
সভার তারিখ ও সময়	:	২০-১২-২০১৮খ্রিঃ বেলাঃ ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	কনফারেন্স রুম
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে চীফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার সভার শুরুতে ইনোভেশন এর গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন।

০২। অতঃপর সভাপতি সদস্য-সচিবকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে সদস্য-সচিব গত ২৮-১১-২০১৮খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।


০৩। সদস্য-সচিব সভায় বিএসসির ইনোভেশন প্রকল্পের আওতায় গৃহীত ২য় প্রকল্পটি “জাহাজ ষ্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরণ” গত ০৫-০২-২০১৮খ্রিঃ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি সভায় সকলকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার মহোদয় মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত)-কে ধন্যবাদ জানান এবং প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত প্রকিউরমেন্টের কার্যক্রম গ্রহণের অনুরোধ করেন। যাতে করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হয়।

০৪। চীফ ইনোভেশন অফিসার মহোদয় “বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা এবং অধিকাল ভাতা প্রদান সহজীকরণ” প্রকল্প বিষয়ে মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ)এর নিকট অগ্রগতি জানতে চান। এ বিষয়ে মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ) জানান যে, প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম এর অংশ হিসেবে সাপ্লাইয়ারদের সাথে প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। ইতোমধ্যে গত ০৪-১২-১৮খ্রিঃ তারিখে (HOPE)/মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট থেকে অনুমোদন গ্রহণ করা হয়েছে। যা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের পরবর্তী কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করা হবে। চীফ ইনোভেশন অফিসার ইনোভেশন কমিটির সকলকে প্রকল্প বাস্তবায়ন কাজে সহযোগীতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। ইনোভেশন সাব কমিটি প্রতিটি ইনোভেশন কাজের সাথে নিজেদের সম্পৃক্ত করে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন সহযোগীতা প্রদানের জন্য চীফ ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (অর্থ) নির্দেশনা প্রদান করেন। এছাড়া ইনোভেশন কমিটির প্রতিটি সভায় ইনোভেশন সাব কমিটির সকল সদস্য অংশগ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত প্রদান করেন।

০৬। এছাড়া ই-নথিতে অফিসিয়াল কার্যক্রম ৫০% নিষ্পত্তি করার নির্দেশনা থাকায় সকলকে ই-নথি ব্যবহারের পরামর্শ প্রদান করেন পাশাপাশি ইউনিকোড ব্যবহার করে সকল বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করার পরামর্শও প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হাবিবুর রহমান)  
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

চীফ ইনোভেশন অফিসার

বিতরণঃ ইনোভেশন টিম, সাব টিম, মেন্টরবৃন্দ এবং “জাহাজ মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” প্রকল্পের সংশ্লিষ্ট সকল সদস্য।

অনুলিপিঃ

০১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। নিঃপঃ (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।

০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।